

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ২-৬৫

তারিখঃ ১৯/০৬/১৯৯৯

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র নীতি নির্ধারণী কমিটির সিদ্ধান্ত মোতাবেক অর্জিত আয় থাকা সাপেক্ষে শুধুমাত্র মাঠসংগঠকদের উৎসাহ প্রদানের নিমিত্তে কর্মসূচির মাঠ সংগঠকদের পূর্ববর্তী অর্থ বছরের পারফরমেন্স এর ভিত্তিতে নিম্নোক্ত পরিমাণ কমিশন নিম্নোক্ত শর্তে প্রদান করা যাবে।

ক্রমিক নং	অর্থ বছরে ঋণ বিতরণের পরিমাণ	বছরে কমিশনের পরিমাণ
১	১০০.০০ লক্ষ টাকা বা তদুর্ধ্ব পরিমাণ	২০,০০০.০০ টাকা (বিশ হাজার)
২	৮৫.০০-৯৯.৯৯ লক্ষ টাকা	১৫,০০০.০০ টাকা (পনের হাজার)
৩	৭৫.০০-৮৪.৯৯ লক্ষ টাকা	১০,০০০.০০ টাকা (দশ হাজার)

শর্তাবলীঃ

- লক্ষ্যমাত্রা অনুযায়ী সমিতি গঠন, সদস্য ভর্তি এবং সঞ্চয় আদায় থাকতে হবে;
- অর্থ বছরে ঋণের কিস্তি আদায়ের হার ন্যূনতম ৫০% হতে হবে;
- অর্থ বছরে মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণের হার ২%এর কম হতে হবে (আদায়যোগ্য ঋণের বিপরীতে)।

২। জারীকৃত এ আদেশ ০১ জুলাই, ২০১৯ খ্রিঃ হতে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

১৯/০৬/২০১৯খ্রিঃ

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম

প্রকল্প পরিচালক (ইরেসপো)

০২-৮১৮০১৪৪

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ২-৬৫

তারিখঃ ১৯/০৬/১৯৯৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- উপপরিচালক, বিআরডিবি (কর্মসূচিভূক্ত সকল জেলা)।
- মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বিআরডিবি (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)
- পরিচালক(সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(ইরেসপো) বিআরডিবি (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)
- অফিস নথি/ গার্ড ফাইল।

১৭.০৬.১৭

আল-আমিন

সহকারী পরিচালক (ইরেসপো)